বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
পানি ভবন, ৭২, গ্রীণ রোড, ঢাকা-১২০৫
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৮.২৩

তারিখ: ২৫ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**সার্কুলার**

বিষয়: **পিপিআর-২০০৮ এর বিধি ৫৩ মোতাবেক কার্য ক্রয়ে সহ-ঠিকাদার (Subcontractor) নিয়োগ করা প্রসঙ্গে।**

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের চুক্তিবদ্ধ ঠিকাদারগণ কর্তৃক ক্রয় আইন ও বিধির ব্যত্যয় ঘটিয়ে কার্য চুক্তির আওতায় সম্পূর্ণ কার্য বা কার্যের কোনো অংশ অননুমোদিত সহ-ঠিকাদার (Subcontractor) নিয়োগের মাধ্যমে সম্পাদনের প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। পিপিআর-২০০৮ এর বিধি ৫৩(১) এবং আদর্শ দরপত্র দলিলে (STD) প্রযোজ্য ক্ষেত্রে সহ-ঠিকাদার(Subcontractor) নিয়োগ করার সুযোগ রয়েছে। সে মোতাবেক দরপত্র দাখিলের অনুরোধ সম্বলিত আদর্শ দরপত্র দলিলে উল্লিখিত যথাযথ যোগ্যতা থাকার সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করা সাপেক্ষে, কোন সরবরাহকারী বা ঠিকাদারকে সহ-ঠিকাদার(Subcontractor) নিয়োগের অনুমতি প্রদান করা যাবে।

কোন ঠিকাদার চুক্তিতে প্রবেশ করার পর তথা চুক্তি বাস্তবায়ন পর্যায়ে যদি Subcontractor নিয়োগের প্রস্তাব করে, সেক্ষেত্রে Contract Document এর Subcontractor(s) সংশ্লিষ্ট Clause অনুসরণ করে প্রস্তাবিত Subcontractor এর যথাযথ যোগ্যতা থাকার সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্রসহ ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) তথা মহাপরিচালক, বাপাউবো মহোদয় এর সদয় অনুমোদন গ্রহণ প্রয়োজন হবে।

অধিকন্তু, ক্রয়কারী (PE) কার্যের বিশেষ সুনির্দিষ্ট অংশ সম্পাদনের জন্য বোর্ড কর্তৃক মনোনীত সহ-ঠিকাদার(গণ) [Nominated Subcontractor(s)] নিয়োগের নির্দেশনা যদি থাকে সেক্ষেত্রে, দরপত্র উপাত্ত শীট (TDS) এ Nominated Subcontractor(s) এর নাম উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, যদি বোর্ড কর্তৃক কোনো Nominated Subcontractor না থাকে সেক্ষেত্রে TDS এ ‘Not Applicable/None’ উল্লেখ করা হয়ে থাকে এবং এক্ষেত্রেও মূল দরপত্রদাতা কর্তৃক দরপত্র দাখিলের সময় Subcontractor নিয়োগের প্রস্তাব করার সুযোগ রয়েছে।

কার্য সম্পাদনের পর চুক্তিবদ্ধ ঠিকাদারের (Subcontractor, Nominated Subcontractor, JV Partner সহ) অনুকূলে ক্রয়কারী কর্তৃক অভিজ্ঞতা সনদ বা Completion Certificate ইস্যু করা যাবে এবং উক্ত অভিজ্ঞতার সনদ পরবর্তীতে দরপত্র মূল্যায়নে বিবেচনা করা যাবে।

পানি সম্পদ মন্ত্রণালয়ের ২৪.০১.২০২৪খ্রিঃ তারিখে অনুষ্ঠিত এডিপিভূক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার সিদ্ধান্ত ০৭(ঙ) এর নির্দেশনার আলোকে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এই সার্কুলার জারী করা হলো।

০৮-০২-২০২৪
মোঃ হাফিজুল আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) (ভারপ্রাপ্ত)
০২২২২২৩০০১৫
se.cpc.bwdb@gmail.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল) ......................, বাপাউবো;

২। প্রকল্প পরিচালক (সকল).......................... ..........................., বাপাউবো;

৩। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক (সকল)................................., বাপাউবো;

৫। নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক (সকল) ................................., বাপাউবো এবং

৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক(পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা/প্রশাসন/অর্থ), বাপাউবো, পানি ভবন, ঢাকা।

০৮-০২-২০২৪
মোঃ হালিম সালেহী
নির্বাহী প্রকৌশলী (পুর)